**সমকাল**

তারিখ 29 NOV 2017
পৃষ্ঠা ৩ কলাম ১

# এসএসসির ফরম পূরণে বর্ধিত ফি কেন অবৈধ নয় : হাইকোর্ট

■ সমকাল প্রতিবেদক

এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে ফরম পূরণ বাবদ বর্ধিত ফি আদায়ের ঘটনায় পৃথক রুল জারি করেছেন হাইকোর্ট। রুলে বর্ধিত ফি আদায় কেন বেআইনি হবে না, তা জানতে চাওয়া হয়েছে। আগামী চার সপ্তাহের মধ্যে শিক্ষা সচিব, সিলেট শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, হবিগঞ্জের জেলা প্রশাসক, শিক্ষা কর্মকর্তাসহ ৯ জনকে রুলের জবাব দিতে বলা হয়েছে।

বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি মোহাম্মদ উল্লাহ সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল মঙ্গলবার এ রুল জারি করেন। এ ছাড়া পৃথক রুলে হবিগঞ্জের চুনারুঘাট উপজেলার গাজীপুর স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ, সভাপতি ও সাধারণ সম্পাদকের বিরুদ্ধে অতিরিক্ত ফি আদায়ের দায়ে কী ব্যবস্থা নেওয়া হয়েছে, তা আগামী ৪ জানুয়ারির মধ্যে সিলেট শিক্ষা বোর্ড চেয়ারম্যানকে জানাতে বলা হয়েছে।

বর্ধিত ফি আদায়ের অভিযোগে গত ২৩ নভেম্বর ওই প্রতিষ্ঠানের এক অভিভাবক মো. জালাল উদ্দিন খান হাইকোর্টে একটি রিট করেন।